

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিভিন্ন দাবিতে দুটি বিভাগের পৃথক কর্মসূচি পালন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিদিনী •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দুটি বিভাগের শিক্ষার্থীরা শ্রেণীকক্ষের সংকট নিরসন, সেমিনার-লাইব্রেরি ও ল্যাবরেটরি নির্মাণ, নিজস্ব জাদুঘর স্থাপন, বরাদ্দ বৃদ্ধিসহ বিভিন্ন দাবিতে পৃথক কর্মসূচি পালন করেছেন। গতকাল বুধবার জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগ অবস্থান ও বিকোভ মিছিল এবং প্রকৃত্ত্ব বিভাগের শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেন। বেলা সাড়ে ১১টায় নতুন কলা ভবন চত্বরে চার দফা দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা। তাঁদের দাবির মধ্যে রয়েছে শ্রেণীকক্ষের সংকট নিরসন করে নতুন কলা ভবনে বিভাগের অবস্থান নিশ্চিত করা, সেমিনার লাইব্রেরি ও ল্যাবরেটরি নির্মাণ এবং বিভাগের ইংরেজি নামের সঙ্গে সংগতিপূর্ণ বাংলা নামকরণ।

এদিকে বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন প্রকৃত্ত্ব বিভাগের শিক্ষার্থীরা। মানববন্ধন শেষে তাঁরা উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেন বরাবর চার দফা দাবিতে স্মারকসিপি জমা দেন। তাঁদের দাবিগুলোর মধ্যে রয়েছে: বিভাগের ল্যাবরেটরিগুলোর সুযোগ-সুবিধা বৃদ্ধি, নিজস্ব জাদুঘর স্থাপন, প্রয়োজনীয় শ্রেণীকক্ষ ও বিভাগের বরাদ্দ বৃদ্ধি। পরে তাঁরা প্রশাসনিক ভবন থেকে একটি বিকোভ মিছিল বের করেন। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুরাতন কলা ভবনের সামনে গিয়ে শেষ হয়। বিভাগ-সংশ্লিষ্ট কলা ও মানবিক অনুষদের তিন অধ্যাপক শৈয়দ মোহাম্মদ কামরুল আহছান বলেন, সন্ত্রাসিতভাবে এ সমস্যা সমাধানের চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন, ভবনটির বর্ধিতাংশের নির্মাণকাজ দ্রুত শেষ করা সম্ভব হলে এবং আরও প্রকৃষ্টি বর্ধিত করা গেলেই কেবল এ সমস্যা সমাধান করা সম্ভব হবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান তিনি।